

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-২ শাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.০০.০০০০.১৫৬.০০৮.০০১ (অংশ-১)-২০১৮-৩১৩

তারিখঃ ০২.০৮.২০১৮ খ্রিঃ

বিষয়ঃ আগামী ১৫ আগস্ট, ২০১৮ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি বাস্তবায়ন

সূত্র : স্বাস্থ্য সেবা বিভাগের প্রশাসন-১ অধিশাখার পত্র নং-৪৫.১৩৭.১১৬.০০.০০.০০১.২০১৬-১০৪২, তারিখঃ ২৯.০৭.২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে আগামী ১৫ আগস্ট, ২০১৮ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবসে নিম্নোক্ত কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

ক্রমিক	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	১৫ আগস্ট, ২০১৮ তারিখ বুধবার স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সকল প্রতিষ্ঠানের (যা কমিউনিটি ক্লিনিক পর্যন্ত বিস্তৃত হবে) ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।	সকল অধিদপ্তর/দপ্তর/পরিদপ্তর প্রধানগণ এবং স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২.	ধানমন্ডির ৩২-এ সকাল ৬.৩০ টায় এবং ঢাকার বনানী কবরস্থানে সকাল ৭.৩০ টার মধ্যে অথবা কর্মসূচি দু'টির বাস্তবায়নের লক্ষ্যে এস এস এফ সমন্বয়ে অনুষ্ঠিত সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী নির্ধারিত সময়ে এসবি পাশ সংগ্রহপূর্বক অনুষ্ঠানস্থলে গ্র্যান্ডুলেপসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিমের ব্যবস্থা গ্রহণ করবে ও মেডিকেল টিম অনুষ্ঠানস্থলে প্যাডেলের নির্ধারিত স্টলে উপস্থিত থাকবে।	মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/সিভিল সার্জন, ঢাকা
৩.	১৫ আগস্ট ২০১৮ বুধবার সকাল ১০:০০ টায় গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে ফাতেহা পাঠ, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক অনার গার্ড প্রদান এবং মোনাজাত।	সিভিল সার্জন, গোপালগঞ্জ এসবি পাশ সংগ্রহপূর্বক অনুষ্ঠানস্থলে গ্র্যান্ডুলেপসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিমের ব্যবস্থা করবেন। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/সিভিল সার্জন, গোপালগঞ্জ
৪.	স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানে, জেলা ও উপজেলা পর্যায়ে হাসপাতালে এবং বেসরকারি হাসপাতালসমূহে যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবসের আলোচনা সভা এবং দোয়া মাহফিলের আয়োজন করবে।	স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর, সকল অধিদপ্তর, সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ হাসপাতাল/উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/ইউনিয়ন সাব সেন্টার (সকল)
৫.	রক্তদান কর্মসূচি, দেয়ালিকা প্রকাশ, রচনা প্রতিযোগিতা আয়োজনসহ জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক কর্মসূচি গ্রহণ করা যেতে পারে।	স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর, সকল অধিদপ্তর, সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ হাসপাতাল/উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/ইউনিয়ন সাব সেন্টার (সকল)
৬.	সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহে আয়োজিত অনুষ্ঠানে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে আবশ্যিকভাবে অংশগ্রহণ করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।	স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর, সকল অধিদপ্তর, সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ হাসপাতাল/উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/ইউনিয়ন সাব সেন্টার (সকল)

৭.	সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার বিষয়ে আগস্ট ২০১৮ মাসের প্রথম সপ্তাহে সভা করা হবে।	স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮.	স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদত বার্ষিকীতে শোক দিবস পালন উপলক্ষে দেশের সকল সরকারি/বেসরকারি হাসপাতালে (জেলা/উপজেলা/ইউনিয়নসহ) দিনব্যাপী বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর
৯.	জাতীয় শোক দিবসে গৃহিত কর্মসূচি সমূহে অংশগ্রহণকারীদের মধ্যে শোকাবহ পরিবেশ বিরাজমান থাকে এ বিষয়ে সকলকে আন্তরিক হতে হবে। শোক দিবসের অনুষ্ঠানে কোনরূপ আনন্দ, হৈচৈ, তাড়াহুড়া প্রকাশ না করা এবং যথাসম্ভব ভাবগাম্ভীর্য রক্ষা হয় তার প্রতি সকলকে সতর্ক থাকতে হবে।	স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও অধিনস্থ সকল দপ্তর/অধিদপ্তরে সকল কর্মকর্তা/কর্মচারী

(রেহানা ইয়াছমিন)

উপসচিব

ফোন: ৯৫৪০৯৪৪

dsghm2@gmail.com

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর,
মহাখালী, ঢাকা।

অনুলিপিঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
- ৩। পরিচালক,..... (সকল)
- ৪। সিভিল সার্জন..... (সকল)
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। যুগ্মসচিব (স্বাস্থ্য ব্যবস্থাপনা ও মনিটরিং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।